

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০০৫.২০১১(অংশ-১ক)-১১০

তারিখ : ২০ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
০২ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার মীরপুর ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের অনুমতি প্রদান বিষয়ে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, সুনামগঞ্জ কার্যালয়ের পত্র নং-৩৩(৩), তারিখ : ১৩ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রস্তাবটি বিবেচনা/নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক প্রস্তাব প্রস্তুত করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক)	ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণীর মূল/সত্যায়িত ছায়াছবি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
(খ)	ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান এর মূল/নকলের কপি;
(গ)	প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঙিন কালি দ্বারা চিহ্নিত করে);
(ঘ)	প্রস্তাবিত জায়গা নতুন জায়গা হলে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে অর্থাৎ গণবিজ্ঞপ্তি জারীপূর্বক প্রয়োজনীয় কাগজাদি প্রেরণ;
(ঙ)	স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংগীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;
(চ)	স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যায়িত করে প্রেরণ।



(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
সুনামগঞ্জ।

অনুলিপি :

সহকারী প্রোগ্রামার,  
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।